

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

এলাহী নির্দেশের সারকথা (خلاصة الأمر الإلهي)

বর্ণিত পাঁচটি আয়াতের প্রথমটিতে (২১৩) রাসূল (ছাঃ)-কে তাওহীদের উপরে দৃঢ় থাকার নির্দেশ দেওয়া হয়েছে এবং সম্প্রদায়ের ভয়ে শিরকের সাথে আপোষ করলে এলাহী গযবের ধমকি প্রদান করা হয়েছে। দ্বিতীয় আয়াতে (২১৪) নিজ নিকটাত্মীয়দেরকে জাহায়াম হ'তে সতর্ক করার নির্দেশ দেওয়া হয়েছে'। এতে অবশ্যই একদল তাঁর পক্ষে আসবে, একদল তার বিপক্ষে যাবে। এটা নিশ্চিত জেনেই বলা হয়েছে, তোমার অনুসারী মুমিনদের প্রতিত্মি সদয় হও এবং বিরোধীদের বলে দাও য়ে, তোমাদের কর্মের ব্যাপারে আমি দায়মুক্ত। কেননা আমার দায়ত্ব ছিল তোমাদেরকে আল্লাহর পথে ডাকা। সে দায়ত্ব আমি পালন করেছি। না মানলে তার ফল ভোগ করবে তোমরাই। শেষে বলা হয়েছে, তাদের বিরোধিতায় তুমি মোটেই ঘাবড়াবেনা। বরং সর্বাবস্থায় আল্লাহর উপরে ভরসা করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5204

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন